

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৯.১৭.৯৭০

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্রঃ নরসিংদী জেলা পরিষদের স্মারক নং-জেপ-নর/সংস্থা/বিবিধ-২০১৪/(১০)/২৪৬, তারিখঃ ১৮/১০/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, নরসিংদী জেলা পরিষদের মালিকানাধীন রায়পুরা রাজিউদ্দিন আহমেদ (রাজু) অডিটরিয়ামটির সুষ্ঠু রক্ষণা-বেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করার স্বার্থে সাংগঠনিক কাঠামো বহির্ভূত দারোয়ান কাম কেয়ারটেকার পদে দৈনিক মজুরী ভিত্তিতে ১ জন লোক নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলোঃ

শর্তসমূহঃ

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে ;
- ২) মাসিক ভিত্তিতে বেতন দেয়া যাবে না, দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করতে হবে, কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না, এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধ কারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- ৩) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবিকরতে পারবে না;
- ৪) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে ;
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে ;
- ৬) উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রতিদিন হাজিরা দিতে হবে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রতিমাসে তার হাজিরা বিবরণী মন্ত্রণালয়কে অবহিত রেখে আবশ্যিকভাবে জেলা পরিষদে প্রেরণ করবেন।


(মোঃ জাহিদ হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নরসিংদী।

অনুলিপি- :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, নরসিংদী।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।